**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 07-08-2025** **Desk in Charge : SDG**
**Time: 7-35 AM** **Compiling : ParthaPratim M.**
**DEO : KB** **NR : PPM**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ ভোটার তালিকায় ভুয়ো নাম তোলার অভিযোগে ভারতের নির্বাচন কমিশন, রাজ্যের চার সরকারি আধিকারিককে সাসপেন্ড করার জন্য সরকারকে নির্দেশ দিলেও, তিনি তা' মানবেন না বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।
# অন্যদিকে কমিশন জানিয়েছে, সংবিধানের ৩২৪ ধারা অনুযায়ী ভোটার তালিকা প্রস্তুত ও নির্বাচন সংগঠিত করার যাবতীয় অধিকার নির্বাচন কমিশনের আছে।

২/ কোচবিহারের খাগড়াবাড়ির পর বারাসাতে গতকাল ফের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর মিছিলে হামলার অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে।

৩/ সরকারি পরিষেবাকে আরও দ্রুত, স্বচ্ছ এবং ফলপ্রসূ করে তুলতে রাজ্য সরকার, এবার কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহারের করার সিদ্ধান্ত নিয়েছে।

৪/ সক্রিয় মৌসুমী অক্ষরেখা এবং বাংলাদেশের মধ্যভাগে তৈরি ঘূর্ণাবর্তের কারণে রাজ্যের বেশ কিছু জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

৫/ ডুরান্ড কাপ ফুটবলে গতকাল ইস্টবেঙ্গল গ্রুপ-এ লিগ ম্যাচে পাঞ্জাবের নামধারী FC-কে হারিয়ে দিয়েছে।

*************************************************************************

ভারতের নির্বাচন কমিশন, ভোটার তালিকায় ভুয়ো ভোটারের নাম তোলার অভিযোগে রাজ্যের চার সরকারি আধিকারিককে সাসপেন্ড করার জন্য সরকারকে যে নির্দেশ দিয়েছে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তা' মানবেন না বলে জানিয়েছেন। জেলা সফরে গতকাল তিনি ঝাড়গ্রামে, ভিন রাজ্যে বাংলাভাষীদের ওপর হেনস্তার অভিযোগ তুলে মিছিল করেন। পরে এক সভায় মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকারী কর্মীদের ভয় দেখানো হচ্ছে। নির্বাচন কমিশন কেন্দ্রের নির্দেশ মতো কাজ করছে। বিজেপি নির্বাচনে জেতার লক্ষ্যে ভোটার তালিকা থেকে নাম বাদ দেওয়ার জন্যই SIR করছে বলেও অভিযোগ করেন মুখ্যমন্ত্রী।

(বাইট-মমতা)

এদিকে, রাজ্যের আধিকারিকদের বিরুদ্ধে নির্বাচন কমিশনের শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার ক্ষমতাকে মুখ্যমন্ত্রী চ্যালেঞ্জ করলেও কমিশন জানিয়েছে, সংবিধানের ৩২৪ ধারা অনুযায়ী ভোটার তালিকা প্রস্তুত করা ও নির্বাচন সংগঠিত করার যাবতীয় অধিকার নির্বাচন কমিশনের আছে। এই কাজে যুক্ত আধিকারিকদের পরিচালনা করা ও তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার অধিকারও কমিশনের আছে।

অন্যদিকে, ভোটার তালিকায় অবৈধভাবে নাম যুক্ত করার অভিযোগে নির্বাচন কমিশন দুজন WBCS আধিকারিককে সাসপেন্ড করার চিঠি পাঠানোয়, WBCS আধিকারিকদের সংগঠন উদ্বেগ প্রকাশ করেছে। এই বিষয়ে নির্বাচন কমিশনের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত পুনর্বিবেচনার আর্জি জানিয়ে সংগঠনের তরফে কমিশনকেও চিঠি দেওয়া হয়েছে।

তাদের তরফে গতকাল মুখ্যসচিব মনোজ পন্থকে লেখা চিঠিতে উল্লেখ করা হয়, সংশ্লিষ্ট আধিকারিকরা কোন অসৎ উদ্দেশ্যে নয়, কঠিন পরিস্থিতিতে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। কমিশনের এই সিদ্ধান্ত নির্বাচনের কাজে যুক্ত কর্মকর্তাদের মনোবল ভেঙে দিতে পারে বলেও তারা জানান।

************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে নির্বাচন কমিশনের আঁতাত রয়েছে বলে মুখ্যমন্ত্রী যে অভিযোগ করেছেন, বিজেপি তার নিন্দা করেছে।

দিল্লিতে গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, মুখ্যমন্ত্রী রাজ্য নির্বাচন কমিশনকে যেভাবে পরিচালনা করেন, দিল্লিতেও নির্বাচন কমিশন সেইভাবে পরিচালিত  হয় বলে তিনি মনে করেন।

পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় যথেষ্ট গরমিল রয়েছে, তাই তালিকা সংশোধন শুরুর আগেই শাসকদল ভয় পাচ্ছে বলেও দাবী করেন শমীকবাবু।

************************

কোচবিহারের খাগড়াবাড়িতে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কনভয়ে হামলার পর উত্তর ২৪ পরগনার বারাসাতে'ও গতকাল ফের তাঁর মিছিলে হামলার অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে। বারাসাতের ন'পাড়া কালীবাড়ি থেকে বিজেপির 'কন্যা সুরক্ষা যাত্রা'  মিছিল চাঁপাডালি মোড়ে পৌঁছলে, তৃণমূল কংগ্রেসের কর্মী-সমর্থকরা, শুভেন্দু অধিকারীকে কালো পতাকা দেখায়। মিছিল লক্ষ্য করে কটূক্তি করা হয় ও ঢিল ছোঁড়া হয়। বিজেপি  কর্মীরাও এর পাল্টা জবাব দিলে, উত্তেজনা ছড়ায়। পরে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। শাসক দল ভয় পেয়ে বার বার তাঁর ওপর হামলা চালাচ্ছে বলে অভিযোগ করেন বিরোধী দলনেতা।

( বাইট- শুভেন্দু  )

অন্যদিকে, শুভেন্দু অধিকারীকে আক্রমণের ঘটনায় বিজেপি, সংসদে মূলতবি প্রস্তাব এনে আলোচনার দাবি জানিয়েছে। রাজ্য বিজেপি সভাপতি তথা সাংসদ শমীক ভট্টাচার্য এই বিষয়ে আলোচনা চেয়ে রাজ্যসভায় নোটিশ'ও দিয়েছেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এক সময় সংসদে দাঁড়িয়ে CPIM-এর বিরুদ্ধে আন্দোলন করতে না দেওয়া এবং হত্যার চক্রান্তের অভিযোগ করেছিলেন। অথচ বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর উপর কোচবিহারে আক্রমণ করে তাকে হত্যার চক্রান্ত হয়েছে।

( বাইট- শমীক )

বিধানসভার বিরোধী দলনেতার উপর হামলা, পূর্ব পরিকল্পিত বলে উল্লেখ করে এর তীব্র নিন্দা করেছেন ISF বিধায়ক নওশাদ সিদ্দিকী। সাংবাদিকদের তিনি বলেন, এই

ধরনের হিংসাত্মক রাজনীতি কখনোই মেনে নেওয়া যায় না। বাংলায় এই অপসংস্কৃতি বন্ধ হওয়া দরকার।

*************************

তিন জেলা সফরে মুখ্যমন্ত্রী আজ ঝাড়গ্রামে 'বিশ্ব আদিবাসী দিবস'-এর উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেবেন।  গতকাল তিনি মেদিনীপুর থেকে ঝাড়গ্রাম শহরে পৌঁছন।

মুখ্যমন্ত্রীর সফরকে ঘিরে জঙ্গলমহলে ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থার আয়োজন করা হয়েছে। মুখ্যমন্ত্রীর সফরকে  নির্বিঘ্ন করার জন্য রয়েছে হাতি ট্র্যাকার(tracker) টিম, মনিটরিং টিম সহ বনকর্মীরা তৎপর রয়েছেন ।

*************************

ভিন রাজ্যে যাওয়া পরিযায়ী শ্রমিকদের জন্য পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে পরিচয় পত্র দেওয়া এবং তাঁদের জন্য আলাদা মন্ত্রক গঠনের দাবি জানিয়েছেন, প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। গতকাল তিনি হরিয়ানার পানিপথে পরিযায়ী শ্রমিকদের সঙ্গে দেখা করেন। সেখানে বাংলাভাষী  শ্রমিকদের 'বাংলাদেশী' বলা হচ্ছে কেন, সে প্রশ্ন তুলে অধীর বাবু বলেন, অবিলম্বে এই হয়রানি- নির্যাতন বন্ধ হওয়া প্রয়োজন। এ ব্যাপারে কেন্দ্র এবং পশ্চিমবঙ্গ সরকারের ভূমিকার'ও সমালোচনা  করেন অধীর বাবু। প্রসঙ্গটি, হরিয়ানা বিধানসভাতেও তোলা হবে বলে জানিয়েছেন প্রবীন কংগ্রেস নেতা।

*************************

সরকারি পরিষেবাকে আরও দ্রুত, স্বচ্ছ এবং ফলপ্রসূ করে তুলতে রাজ্য সরকার, এবার কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই ব্যবহার করার সিদ্ধান্ত নিয়েছে।

অর্থ দফতরের তত্ত্বাবধানে সরকারের এই উদ্যোগে সামিল হতে ইতমধ্যেই একাধিক প্রযুক্তি সংস্থাকে আমন্ত্রণ জানানো হয়েছে। চারটি প্রধান ক্ষেত্রে প্রথম পর্যায়ে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তির প্রয়োগ করা হবে, যার মধ্যে রয়েছে সামাজিক সুরক্ষা প্রকল্পে উপভোক্তা চিহ্নিতকরণ, জমির মূল্য নির্ধারণ, পুরনো নথিপত্রের ডিজিটাইজেশন এবং প্রশাসনিক ফাইল স্ক্রুটিনির প্রক্রিয়া।

এআই এবং মেশিন লার্নিং প্রযুক্তির সহায়তায় গঠিত হতে চলেছে 'ইউনিফায়েড সোশ্যাল রেজিস্ট্রি' প্ল্যাটফর্ম। এই প্ল্যাটফর্মের মাধ্যমে প্রকৃত উপভোক্তাদের চিহ্নিত

করে সামাজিক প্রকল্পগুলির সুবিধা সরাসরি উপভোক্তার অ্যাকাউন্টে পৌঁছে দেওয়া সম্ভব হবে। জমির মূল্য নির্ধারণের জন্য একটি ডায়নামিক এআই মডেল তৈরি হচ্ছে। এতে অঞ্চল, বাজারদর, পরিকাঠামোর মানসহ একাধিক পরিসংখ্যান ও ফিল্ড ডেটা বিশ্লেষণ করে জমির প্রকৃত মূল্য নির্ধারণ করা সম্ভব হবে। অন্যদিকে, পুরনো হাতে লেখা বাংলা নথিপত্র ডিজিটাইজ করে জমির ইতিহাস সংক্রান্ত অনুসন্ধান আরও সহজ করা হবে। এআই-এর মাধ্যমে সেইসব নথি থেকে পাওয়া তথ্য, জমির রেকর্ডের সঙ্গে মিলিয়ে দেখা যাবে- যা জমি কেনাবেচার প্রক্রিয়াকে আরো সহজ করবে। প্রশাসনিক ক্ষেত্রের জন্য আলাদা একটি এআই নির্ভর 'ফাইল স্ক্রুটিনি' ব্যবস্থা'ও গড়ে তোলা হচ্ছে।

************************

রাজ্য সরকারি কর্মচারীদের বকেয়া মহার্ঘ্যভাতা নিয়ে সুপ্রিম কোর্টে আজ ফের শুনানি। গতকাল দুই বিচারপতি সঞ্জয় কারল এবং প্রশান্ত কুমার মিশ্রের বেঞ্চে বিভিন্ন কর্মচারী সংগঠনের আইনজীবিরা নিজেদের বক্তব্য পেশ করেন। তাঁরা বলেন, মহার্ঘ্যভাতা, কর্মচারীদের আইনসঙ্গত অধিকার। আইনজীবি গোপাল সুব্রমনিয়মের যুক্তি, ২০০৯-এর রোপা রুল অনুযায়ী, ২০০৬-এর পয়লা জানুয়ারী থেকে রাজ্যের কর্মীরা কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের মতোই DA পাওয়ার অধিকারী। কেন্দ্রীয় হারে DA দেওয়া, কোনো দয়ার বিষয় নয়। মূল্যবৃদ্ধির সঙ্গে সামঞ্জস্য রাখতেই এই ব্যবস্থা বলেও তারা দাবী করেন।

************************

DVC-র অব্যবস্থা এবং বাংলা বিরোধী নীতির কারণেই রাজ্যে বন্যা পরিস্থিতি ভয়ানক আকার নিয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর অভিযোগ, কেন্দ্র খারিজ করেছে।

কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী CR পাটিল সামাজিক মাধ্যমে জানিয়েছেন, মাইথন এবং পাঞ্চেত জলাধার থেকে জল ছাড়ার জন্য, যে কমিটি সিদ্ধান্ত নেয়, পশ্চিমবঙ্গ সরকার'ও তার সদস্য। চলতি বছরের মে' থেকে জুলাই-এ দামোদর অববাহিকায় যে বৃষ্টিপাত হয়েছে, আগের বছরগুলির তুলনায় তা' অনেকটাই বেশী। তাই জুন-জুলাই মাসে জলাধারগুলিতে ২০২৪-এর তুলনায় ১৬ গুণ বেশী জল প্রবেশ করেছে। কিন্তু জল

নিয়ন্ত্রণ সংক্রান্ত কমিটি বৈজ্ঞানিক পদ্ধতি অনুসরণ করায়, সর্বাধিক ৭০ হাজার কিউসেক পর্যন্ত জল ছাড়া হয়েছে। যার ফলে নিম্ন অববাহিকায় বন্যার বিপদ অনেকটাই কমানো গেছে বলে কেন্দ্রীয় মন্ত্রীর দাবী।

************************

সক্রিয় মৌসুমী অক্ষরেখা এবং বাংলাদেশের মধ্যভাগে তৈরি ঘূর্ণাবর্তের কারণে রাজ্যের বেশ কিছু জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

**উত্তরবঙ্গের** দার্জিলিং জলপাইগুড়ি কালিম্পং এবং আলিপুরদুয়ার জেলায় আজ বৃষ্টির পরিমাণ বাড়বে, রয়েছে কমলা সতর্কতা। মালদা উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলাতে বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎসহ বৃদ্ধির সম্ভাবনা রয়েছে।

এদিকে, **দক্ষিণবঙ্গের** বাঁকুড়া, পূর্ব বর্ধমান, হুগলী, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং নদীয়া জেলায় আজ ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

অন্যদিকে, এই বর্ষার মরশুমে জুন মাস থেকে আগষ্টের ৬ তারিখ পর্যন্ত রাজ্যে স্বাভাবিক বৃষ্টিপাতের নিরিখে সব থেকে বেশি বৃষ্টি হয়েছে বাঁকুড়া জেলায়। এছাড়াও কলকাতা সহ সাতটি জেলায় স্বাভাবিকের থেকে বেশি বৃষ্টি রেকর্ড করা হয়েছে। তবে উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি আলিপুরদুয়ার কোচবিহার ও উত্তর দিনাজপুর জেলায় স্বাভাবিকের থেকে কম বৃষ্টি হয়েছে।

************************

সল্টলেকের যুব ভারতী ক্রীড়াঙ্গনে গতকাল সন্ধ্যায় ডুরান্ড কাপ ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল পাঞ্জাব নামধারী FC-কে ১-শূণ্য গোলে হারিয়ে দিয়েছে।
ম্যাচের ৬৮ মিনিটে লাল হলুদের হয়ে জয়সূচক গোলটি করেন হামিদ আহদাদ। ইস্টবেঙ্গল ২ ম্যাচে ৬ পয়েন্ট সংগ্রহ করে গ্রুপ-এর শীর্ষে রয়েছে।

******************************************************************